আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**18 OCTOBER 2024 7:45—7:55 PM IST**

=====================================================

(১) ধলাই সহ আসামের পাঁচটি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি/ নির্বাচনী এলাকা পুর্ননির্ধারণের পূর্বে থাকা এলাকাগুলি নিয়েই নির্বাচন/

(২) মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের আজ আনুষ্ঠানিক সূচনা/ নির্বাচিত যুব উদ্যমীদের দু'লক্ষ থেকে পাঁচলক্ষ পর্যন্ত টাকার অনুদান প্রদান/

(৩) সুপ্রীম কোর্ট আজ এক রায়ে জানিয়েছে যে- বাল্যবিবাহ নিষেধাজ্ঞা আইন ব্যক্তিগত আইনের দ্বারা স্তব্ধ করা যাবেনা/

এবং

(৪) উত্তর-পূর্বাঞ্চলে নৌসেনা বাহিনীর প্রতি জনসচেতনতা গড়ে তুলতে আজ ভারতীয় নৌসেনার মেঘালয়ে থেকে 'নর্থ ইস্ট অডিসি' শীর্ষক মোটর সাইকেল র‍্যালির সূচনা/

---

ধলাই সহ আসামের পাঁচটি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে । এই বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে ঐ পাঁচটি বিধানসভা আসনে বিজেপি, কংগ্রেস, অসম গণ পরিষদ, এ আই ইউ ডি এফ, তৃণমূল

কংগ্রেস, বিপিএফ, ইউ পি পি এল সহ বিভিন্ন রাজনৈতিক দলের মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়া শুরু হয়ে গেছে । উল্লেখ্য- বরাক উপত্যকার ধলাই সহ সিডলি, বঙাইগাঁও, বিহালী এবং সামুগুড়িতে শূন্য হওয়া পাঁচটি বিধানসভা আসনের জন্য আগামী ১৩ই নভেম্বর উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে । উল্লেখ্য- এই পাঁচটি বিধানসভা আসনে ন'লক্ষ দশ হাজার ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন । ঐ পাঁচটি বিধানসভা কেন্দ্রে মোট এক হাজার ৭৮ টি ভোটকেন্দ্র স্থাপন করা হবে । নির্বাচনী এলাকা পুর্ননির্ধারণের পূর্বে থাকা অঞ্চলগুলি নিয়েই এই নির্বাচন অনুষ্ঠিত হবে ।

এদিকে এই উপ-নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল তাদের প্রস্তুতি আরম্ভ করে দিয়েছে । আজ কংগ্রেস নেতৃত্বাধীন সংযুক্ত বিরোধী মোর্চার এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে কংগ্রেসের তত্ত্বাবধায়ক ডঃ জীতেন্দ্র সিঙের উপস্থিতিতে কংগ্রেস দলের নেতাদের পাশাপাশি বিরোধী মোর্চার নেতারাও আসন্ন উপ-নির্বাচনের জন্য প্রার্থীত্বের ভাগ-বাটোয়ারা সম্পর্কে আলোচনা করেছেন ।

---

ধলাই তপশিলী সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে ধলাই বিধানসভা আসনে একজন প্রার্থী নিজে বা কোন প্রস্তাবকের ম্যধ্যমে মনোনয়ন পত্র নির্বাচন আধিকারীক ডক্টর ধ্রুব জ্যোতি হাজারিকা এবং সহকারী নির্বাচন আধিকারীক বহ্নিকা চেতিয়ার কাছে শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে আগামী ২৫শে অক্টোবরের মধ্যে সকাল ১১টা থেকে বিকেল তিনটে পর্য্যন্ত জমা দিতে পারবেন। উল্লেখ্য ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা আসনে আগামী ১৩ই নভেম্বর সকাল ৭টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত ভোট গ্রহন করা হবে ।

---

কাছাড় জেলার ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভার উপ-নির্বাচনের ভোট কেন্দ্রগুলি চারটি জোনে ভাগ করে মোট ১৭ জন আধিকারিক নিয়োগ করা হয়েছে । এছাড়া ধলাই উপ-নির্বাচন অবাধ-সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে শ্যাডো পর্যবেক্ষন রেজিষ্টার এবং ব্যয় সংক্রান্ত হিসেব রাখার জন্য তিনজন একাউন্টস আধিকারীক এবং ভিডিও সারভিলেন্স দলের পাঁচ জন আধিকারীককে নিয়োজিত করা হয়েছে ।

---

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের আজ সূচনা করা হয়েছে । দিসপুরের লোকসেবা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে নির্বাচিত উদ্যমীদের দুই লক্ষ থেকে পাঁচ লক্ষ পর্যন্ত টাকা প্রদান করা হয় । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন । এছাড়া রাজ্যের শিল্প ও বাণিজ্যমন্ত্রী

বিমল বরা এতে উপস্থিত থাকেন । এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের যুব উদ্যমীগণ এই অনুদানের সহায়তায় আসামের পরিকাঠামোগত উন্নয়নের জন্য কেবল চাকুরিমুখী না হয়ে বাণিজ্য এবং উদ্যোগের জগতে আদর্শ সৃষ্টি করবে বলে আশা প্রকাশ করেছেন ।

---

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের জন্য আগ্রহী যোগ্যতাসম্পন্ন আবেদনকারীরা তাদের নাম পঞ্জীয়ন করতে পারবেন । সি এম এ এ এ পোর্টাল cmaaa.assam.gov.in এ প্রথমে নিজের নাম পঞ্জীয়ন করে পরবর্তী সময়ে তাদের প্রকল্পের প্রতিবেদন জমা দিতে পারবে । নিজের সম্পূর্ণ নাম, মোবাইল নম্বর, ই-মেল আই ডি ইত্যাদি প্রদান করে পোর্টালে পঞ্জীয়ন করা যাবে । এক্ষেত্রে সাধারণ শ্রেণীর জন্য পঞ্জীয়ন মাশুল ২০০টাকা এবং তপশিলি জাতি-জনজাতি ও অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণীর জন্য একশো টাকা অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে । এই পঞ্জীয়ন সম্পূর্ণ হলে প্রার্থীরা তাদের প্রাপ্তি স্বীকারের রশিদ ডাউনলোড করতে পারবেন । পঞ্জীয়নের ফর্মে উল্লেখ করা নাম, প্রার্থীর পরিচয়পত্র, ব্যাংকের পাসবুক ইত্যাদির সঙ্গে এক হওয়া বাঞ্ছনীয় । আবেদনকারীকে আসামের স্থায়ী বাসিন্দা এবং আসামে বসবাস করা লোক হতে হবে । তাদের নাম কর্মবিনিয়োগ কেন্দ্রে অর্ন্তভুক্ত থাকতে হবে । আবেদনকারীর বয়স পয়লা আপ্রিল-২০২৪ সালে ২৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে । বৃত্তিমূলক শাখার বাইরের প্রার্থীদের দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে । এদিকে বৃত্তিমূলক শাখার প্রার্থীদের জন্য ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, কৃষি, পশু ও মৎস্য পালন ইত্যাদি ক্ষেত্রে চার বছরের স্নাতক হওয়া বাঞ্ছনীয় । ন্যুনতম শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি আবেদনকারীর কিছু অন্যান্য যোগ্যতাও থাকা প্রয়োজন । আবেদনকারীর পয়লা এপ্রিল-২০২৪ এর আগে যেকোনো বাণিজ্যিক ব্যাংকে অ্যাকাউন্ট থাকতে হবে । আবেদনকারীর কোনো ব্যাংক ঋণ থাকলে চলবে না । এছাড়া আবেদনকারী অথবা তার পরিবারের কোনো সদস্য এই প্রকল্পের প্রথম পর্যায়ের সুবিধা গ্রহণ করে থাকলে তারা পুনরায় আবেদন করতে পারবেন না । উল্লেখ্য- মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের প্রথম পর্যায়ে ২৫ হাজারেরও বেশি যুব উদ্যমীকে ৫১০ কোটি টাকার আর্থিক অনুদানের প্রথম কিস্তির অর্থ ইতিমধ্যে প্রদান করা হয়েছে।

---

সুপ্রিম কোর্ট আজ এক রায়ে জানায় যে বাল্য বিবাহ নিষেধাজ্ঞা আইন ব্যক্তিগত আইনের দ্বারা স্তব্ধ করা যাবেনা ।মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় , বিচারপতি জে বি পার্ডিয়ালা এবং মনোজ মিশ্র দেশে বাল্য বিবাহ প্রতিরোধ আইনটি ফলপ্রসু রূপায়নের জন্য নির্দেশ জারি করেছেন ।রায় ঘোষণার সময় মুখ্য বিচারপতি শ্রী চন্দ্রচূড় বলেন যে

বাল্য বিবাহ প্রতিরোধ এবং নাবালক সুরক্ষার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করা উচিত এবং সেইসঙ্গে অপরাধীদের উচিত শাস্তি প্রদান করাও জরুরী বলে তিনি মত প্রকাশ করেন ।উল্লেখ্য বাল্য বিবাহ প্রতিরোধ তথা সমাজ থেকে নির্মূল করার জন্য বাল্য বিবাহ নিষেধাজ্ঞা আইন ২০০৬ সালে প্রণয়ন করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় নৌসেনার মেঘালয়ের থেকে আরম্ভ করা 'নর্থ ইস্ট অডিসি' শীর্ষক মোটরসাইকেল অভিযানের আজ আনুষ্ঠানিক সূচনা করেছেন সেনা বাহিনীর আধিকারিক রাজেশ পেন্ধেরকর । উত্তর-পূর্ব ভারতের আসাম, মেঘালয় এবং অরুণাচল প্রদেশের যুবক-যুবতী এবং নাগরিক সমাজের মধ্যে নৌসেনা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্যে ভারতীয় নৌসেনা এই অভিযান হাতে নিয়েছে । এর আগে ২০২২ সালেও সেনা বাহিনী উত্তর পূর্বাঞ্চলে এব ২০২৩ সালে লাদাখে অনুরূপ প্রচেষ্টা গ্রহণ করেছিল । এই অভিযানের সঙ্গে সঙ্গতি রেখে এই তিনটি রাজ্যে অগ্নিপথ প্রকল্পের অধীনে এবং নৌবাহিনীতে পেশাদারী উন্নতির পাশাপাশি এই বাহিনীতে মহিলাদের অর্ন্তভুক্তির বিষয়েও সচেতনতা সৃষ্টি করার প্রয়াস নেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

উৎকোচ নিতে গিয়ে হাতেনাতে ধরা পড়া আসাম সচিবালয়ের আবগারি অধীক্ষক কার্যালয়ের শাখা আধিকারিক পার্থ হাজারিকার বিরুদ্ধে শীঘ্রই অনুশাসনমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে । এই সম্পর্কে আসাম সরকারের আবগারি বিভাগের আয়ুক্ত সচিব সাধারণ প্রশাসন বিভাগের আয়ুক্ত সচিবকে অনুশাসনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য একটি চিঠি পাঠিয়েছেন । উল্লেখ্য- বারের অনুজ্ঞাপত্র প্রদানের জন্য শ্রী হাজারিকা নগদ অর্থের লেনদেন করা অবস্থায় হাতেনাতে তাকে গ্রেপ্তার করা হয়েছে । ইতিমধ্যে তার বিরুদ্ধে দুর্নীতি নীরিক্ষণ এবং নিবারণ সঞ্চালকালয় দুর্নীতি প্রতিরোধ আইনের অধীনে একটি মামলা দায়ের করেছে । অভিযুক্ত শাখা আধিকারিককে বর্তমানে দুর্নীতি নীরিক্ষণ সঞ্চালকালয়ের হেফাজতে রাখা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

অনলাইন কেলেঙ্কারীর বর্ধিত হুমকি প্রতিহত করার জন্য কেন্দ্রীয় সরকার এবং মেটা কোম্পানী যৌথভাবে 'প্রবঞ্চনা থেকে নিজেকে রক্ষা করুন ' অভিযানের সূচনা করেছে ।ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয় , স্বরাষ্ট্র মন্ত্রনালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , ভারতীয় সাইবার অপরাধ সমন্বয় কেন্দ্র ও মেটা কোম্পানীর সহযোগিতায় এই অভিযান আরম্ভ করা হয়েছে । কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু গতকাল নতুনদিল্লীতে এই অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করে তাঁর ভাষণে এই

অভিযানকে অনলাইন প্রবঞ্চনার বর্ধিত হুমকি থেকে নাগরিকদের রক্ষা করার সময়োচিত এবং আবশ্যক পদক্ষেপ বলে মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------------------------

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী তথা করিমগঞ্জ জেলার অভিভাবক মন্ত্রী রঞ্জিত কুমার দাস দুদিনের সফরে আগামীকাল করিমগঞ্জ  আসছেন । আগামীকাল বিকেল সাড়ে তিনটেয় তিনি করিমগঞ্জে পৌছে বিকেল ৪ টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে বিভাগীয় প্রধানদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন ।পরদিন অর্থাৎ আগামী রবিবার সকাল ১১ টায় অনুকুল সাগর পারে রথীন্দ্র ভট্টাচার্যের মূর্তী উন্মোচন করবেন ।এরপর বেলা আড়াইটায় তিনি জেলা বিজেপি কার্যালয়ে দলীয় কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন ।আগামী সোমবার তাঁর ধলাই আসার কথা রয়েছে ।

-----------------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির করিমগঞ্জ জেলা শাখার পক্ষ থেকে আজ দলীয় কার্য্যলয়ে জেলা সক্রিয় সদস্যতা অভিমান কর্মশালা অনুষ্ঠিত হয় । কর্মশালায় রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে সাংসদ কৃপানাথ মালা , বিধায়ক বিজয় মালাকার , কৃষনেন্দু পাল , বিজেপি নেত্রী শিপ্রা গুণ প্রমূখ অংশগ্রহন করেন । উল্লেখ্য করিমগঞ্জ জেলায় ইতিমধ্যে দু লক্ষ সদস্য অনলাইনে ভারতীয় জনতা পার্টির সদস্য পদ গ্রহন করেছেন ।

-----------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা প্রশাসন ও জেলা শিশু সুরক্ষা ইউনিটের যৌথ উদ্যোগে করিমগঞ্জ জেলায় শিশু সুরক্ষার বিভিন্ন বিষয় সর্ম্পকে শিক্ষক, সরকারী কর্মী ও জনসাধারনকে অবগত করতে আজ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সহকারী আয়ুক্ত তথা ভারপ্রাপ্ত জেলা শিশু সুরক্ষা আধিকারীক প্রিয়াঙ্কা ইয়ামনামের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায়  শিশু শ্রম , বাল্য বিবাহ , অবৈধ দত্তক গ্রহন , পরিত্যাক্ত শিশু , পকসো আইন , শিশু অপহরন ও শিশু পাচার প্রতিরোধ ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়  ।সভায় চাইল্ড ওয়েল ফেয়ার কমিটির সভাপতি বিশ্ববরন বরুয়া , কমিটির প্রাক্তন সদস্য সত্যজিৎ দাস প্রমুখ অংশগ্রহণ করেন।

-----------------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব গতকাল শিলচর কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করে কারাগারের পরিকাঠামো উন্নয়ন ও কয়েদিদের কল্যানের বিষয়টি খতিয়ে দেখেন । জেলা আয়ুক্ত শ্রী যাদব মহিলা কয়েদি ও তাদের সঙ্গে বসবাসরত শিশুদের স্বাস্থ্য পরিষেবা ও শিক্ষার উপর বিশেষ দৃষ্টি দেন ।জেলা আয়ুক্ত কারাগারের মহিলা ও পুরুষ ওয়ার্ড ,

হাসপাতাল , কম্যুনিটি রান্নাঘর , কারাগার সে কারিগড় দক্ষতা বিকাশ কেন্দ্র ইত্যাদি পরিদর্শন করে বিভিন্ন সমস্যার বিষয়ে অবগত হন । এবং এই্ সমস্যাগুলি সুষ্ঠু সমাধানের আশ্বাস দেন ।

--------------------------------------------------------------------------------